দৈনিক বাংলা

তারিখ ... 28 MAR 1984 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... 7 ...

021

### ৯৭ জন বহিষ্কৃত : গ্রেফতার ৮

# ভুয়াপুরে পরীক্ষাকেন্দ্রে গুলি : কাঁদানে গ্যাস : লাঠিচার্জ : আহত ১০৩

(নিজস্ব সংবাদদাতা)

টাঙ্গাইল, ২৭শে মার্চ।—আজ ভুয়াপুর উপজেলা সদর এসএসসি পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহকারী ও পুলিশের মধ্যে সংঘর্ষে একজন ম্যাজিস্ট্রেট ও তিনজন পুলিশ অফিসারসহ ২৭ জন পুলিশ ও ৭৬ জন ছাত্র-জনতা আহত হয়েছে।

অসদুপায় অবলম্বনের দায়ে আজ কেন্দ্রটির ৯৭ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৫৭ রাউন্ড গুলি, ১৯ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ ও ব্যাপক লাঠিচার্জ করে।

এই ঘটনায় আটজনকে গ্রেফতার করা হয়।

ওসমান গনি নামে একজন বৃদ্ধকে গুলিবিদ্ধ অবস্থায় টাঙ্গাইল জেনারেল হাসপাতালে ও গুরুতর আহত অপর পাঁচজনকে ভুয়াপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত পুলিশদের টাঙ্গাইল পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়।

টাঙ্গাইলের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব মম-

(৫-এর পৃঃ দ্রঃ)

## আহত ১০৩

(প্রথম পৃঃ পর)

তাজউদ্দিনের নেতৃত্বে ভ্রাম্যমাণ পরীক্ষা পরিদর্শক দল আজ দুই বেলায় ৯৭ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করার পর ক্ষিপ্ত ছাত্র-জনতার সঙ্গে পুলিশের এই সংঘর্ষ হয়।

উত্তেজিত ছাত্র-জনতা ভুয়াপুরে বাসস্ট্যান্ডে একটি বিআরটিসি বাস ভাঙচুর করে। এ সময় বাসের ২৬ জন যাত্রী আহত হয়।

### জমি নিয়ে সংঘর্ষে ২ জন নিহত

শনিবার রাতে টাঙ্গাইল সদর উপজেলার বরশিলা গ্রামে জমি নিয়ে সংঘর্ষে আকরম আলী (৬০) ও বাদশাহ (৩৫) নামের দুই ব্যক্তি খুন হয়েছে বলে পুলিশ জানিয়েছে।